



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

Phone : 9553637
web: www.krishibank.org.bd
dgmpd1@krishibank.org.bd

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-৩১(৫)/২০১৮-২০১৯/ ২৪৮

তারিখ : ২৮.০৮.২০১৮খ্রিঃ

সকল কর্মকর্তা/কর্মচারী
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কুমিল্লা এর দপ্তরী জনাব মোঃ আবদুর রশিদ (আর-২৫৭) এর
মূত্রথলীর গ্রন্থিতে ক্যান্সারজনিত রোগের চিকিৎসার জন্য মানবিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,


উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কুমিল্লা এর দপ্তরী জনাব মোঃ আবদুর রশিদ (আর-২৫৭) মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের বরাবরে মানবিক সাহায্যের জন্য আবেদন করেছেন।

০২। জনাব মোঃ আবদুর রশিদ (আর-২৫৭) বিগত ২০১৩ সালে মূত্রথলিতে ক্যান্সারজনিত রোগে আক্রান্ত হন। ২০১৩ সাল হতে ক্যান্সারের মতো ব্যয়বহুল রোগের চিকিৎসা খরচ মেটাতে তিনি পৈত্রিক সম্পত্তি ধীরে ধীরে বিক্রী করে আজ প্রায় নিঃশ্ব হয়ে গেছেন। বর্তমানে আত্মীয়-স্বজনদের নিকট হতে ধার-কর্জ করে স্ত্রী ও ০৪(চার) সন্তান নিয়ে অসহায় অবস্থায় দিনাতিপাত করছেন। চিকিৎসার খরচ এবং সন্তানদের ভরণ পোষণ ও লেখাপড়ার খরচ মেটাতে গিয়ে চরম আর্থিক সংকটের মধ্যে মানবতের জীবন যাপন করছেন। অর্থের আর কোন উৎস না থাকায় দুরারোগ্য ব্যাধি ক্যান্সারের চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য তিনি বাংলাদেশ কৃষি ব্যাংক পরিবারের একজন সদস্য হিসেবে মানবিক সাহায্যের আবেদন করেছেন।

০৩। এমতাবস্থায়, জনাব মোঃ আবদুর রশিদ (আর-২৫৭) এর চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক, কুমিল্লা শাখা, কুমিল্লা এ পরিচালিত তার সঞ্চয়ী হিসাব নং-১০৬৫৪ তে ১ (এক) দিনের মধ্যাহ্ন ভোজন ভাতা (লাঞ্চ) অথবা যার যা সাধ্যমত আর্থিক সাহায্য প্রেরণের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদেরকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,


(এম. এ. রউফ হুইয়া)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
(মানবিক সাহায্য সংক্রান্ত পত্রখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০২. উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কুমিল্লা।
০৩. ব্যবস্থাপক, বিকেবি, কুমিল্লা শাখা, কুমিল্লা।
০৪. জনাব মোঃ আবদুর রশিদ (আর-২৫৭), দপ্তরী, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কুমিল্লা।
০৫. নথি/অফিস নথি।